# বর্ষবরন ১৪২১

প্রিয়বরেষু

যে কোন শুভ উপলক্ষে হোক, অনেক লোকের চিত্ত এক হলে তাতে মহৎ ফল আসে। যে জনসম্প্রদায়ের মধ্যে এই এক হবার শক্তি কাজ করে, তাদের মধ্য থেকে কোন না কোন মহত্ব দেখা দেয়, সংস্কৃতির সৃষ্টি হয় - এর আপন জনগোষ্ঠির সংস্কৃতি। এই লোকচিত্তের একতা সাধনের লক্ষেই আমরা মিলিত হতে চাই বাংলা নববর্ষ পালন মানসে আগামী ১০ই মে, শনিবার প্রত্যুষে।

আমাদের বাঙালি সংস্কৃতি প্রাচুর্য্যতায় ও বৈচিত্রে চিরন্তন। সমস্ত আনন্দৎসবে, উপলক্ষে সেই শ্রীময় কারুকাজ মিলেমিশে একাকার হয়। আর প্রত্যেকবার মানুষ উপলব্ধি করে প্রাণভরে বেচে থাকার সুখকে, স্বার্থকতাকে।

যদিও আমাদের দেশজুড়ে ধর্মান্ধতার জটাজাল, আর অপশাসনের সঙ্কট - যার ভিন্ন নাম অজ্ঞতা, কিছু বা ঈর্ষা। তবু একাত্মতার শক্তি চিরকালই অসামান্য - যা ঠেকাতে পারে যে কোন দূর্যোগকেই। প্রতীতির লক্ষসাধন সেইখানে। আবার মিলে যাবে সমস্ত বাঙালির প্রাণ কল্যাণে, আনন্দে আর শুদ্ধতায় বৈশাখের প্রসন্ন সকালে। গান, কথা আর নৃত্যে প্রতীতি মাতিয়ে তুলবে ভোরের প্রকৃতিকে।

নববর্ষে সব বাঙালির চিত্ত এক হোক, রাষ্ট্রীয় পরাধীনতা ও সব দূর্গতি তুচ্ছ হোক। বাঙালির সব কীর্তি ও অর্জন অম্লাণ থাকুক। বাঙালির সংস্কৃতির মাধুর্য্যে সততই ভরে থাক আমাদের এই প্রবাসী জীবন - নববর্ষে এই শুভকামনা রইলো। বাঙালির যাবতীয় মূল্যবোধের ঐতিহ্য, শুভবুদ্ধি আর মানবতাবোধে উজ্জলতর হোক আপনার আগামী দিন।

মাটির সাথে চিরবন্ধনযুক্ত নববর্ষের এই উৎসবে আপনাদের সবার উদার উপস্থিতি প্রাণের সাথে প্রাণের মিলন ঘটাবে, প্রমাণিত হবে বাঙালিত্বের শক্তিময়তা। অন্ধকারের উৎস থেকে উৎসারিত আলোয় আলোকিত হোক নতুন বছর, সে আলো ছড়িয়ে পড়ুক সবখানে......

প্রতীতি
সিডনী, অস্ট্রেলিয়া

**প্রতীতির শুভময় আয়োজন: স্পন্দিত হবে আলোক অন্ধকার**
**১০ই মে, শনিবার সকাল ১০:০০ মিনিট এ**
**Shelley Public School ভবন, Hadrian Avenue, Blacktown**

প্রতিবারের মত এবারও থাকছে রকমারী পিঠা আর নানা রকম মজাদার সব খাবারের আয়োজন।
সেই সাথে থাকছে সেরা বাঙালি সাজের জন্য পুরস্কার।